

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং-৪৭.৬১.৯০৮৬.০০০.৪০.০০৮.২২.৭৪

তারিখ: ১৭/০৫/২০২২খ্রি.

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা শাল্লা উপজেলার নিবন্ধিত সমবায় সমিতির সাথে সম্পৃক্ত সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমবায় সমিতি সংশ্লিষ্ট কোন ধরনের অভিযোগ/ সমস্যা উত্থাপন ও প্রতিকার প্রাপ্তি এবং অভিযোগ নিষ্পত্তি/সমস্যা নিরসনে পরামর্শ গ্রহণ, সমবায় সমিতি আইন, বিধি ও নিবন্ধক মহোদয়ের সর্বশেষসার্কুলার ইত্যাদি সম্পর্কে অবহিতকরণ সংক্রান্ত গণশুনানী এখন হতে প্রতি মাসের প্রথম সপ্তাহের বুধবার সকাল ১১:৩০ ঘটিকায় উপজেলা সমবায় কার্যালয়, শাল্লা, সুনামগঞ্জ-এ অনুষ্ঠিত হবে।

সমবায় সমিতি সংশ্লিষ্ট সকলকে তাদের অভিযোগ/সমস্যার বিষয়ে প্রতিকার প্রাপ্তি ও সমবায় সমিতি আইন, বিধি, সার্কুলার ইত্যাদি বিষয়ে অবহিত হওয়ার জন্য এ গণশুনানীতে অংশ নিতে অনুরোধ জানানো হলো।

(হিরন্ময় রায়)

উপজেলা সমবায় অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।

স্মারক নং-৪৭.৬১.৯০৮৬.০০০.৪০.০০৮.২২.৭৪

তারিখ: ১৭/০৫/২০২২খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাল্লা, সুনামগঞ্জ। মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

২। উপজেলা নির্বাহী অফিসার, শাল্লা, সুনামগঞ্জ। মহোদয়ের সদয় জ্ঞাতার্থে।

৩। উপজেলা সমবায় অফিসার, সুনামগঞ্জ।

৪। উপজেলা তথ্য অফিসার, শাল্লা, সুনামগঞ্জ।

৫। সভাপতি/ সম্পাদক,সমবায় সমিতি লি:

গ্রাম : , পো : , উপজেলা : শাল্লা, জেলা : সুনামগঞ্জ।

(হিরন্ময় রায়)

উপজেলা সমবায় অফিসার
শাল্লা, সুনামগঞ্জ।